জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা-১৩৪২

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিভিন্ন ইউনিটের অর্ন্তভূক্ত ৩৭ টি বিভাগ/ইনস্টিটিউটে ১৮৪৮ টি আসনে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে **জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট** admission.juniv.edu এ প্রকাশিত নিয়মাবলি অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে আবেদন করতে হবে।

১. আবেদনের সময়সীমা: ২২ নভেম্বর ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে ১৫ ডিসেম্বর ২০২৬ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত;

২. আবেদন ফি: অনলাইনে ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড/মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে নিম্নোক্তহারে আবেদন ফি প্রদান করতে হবে:

ইউনিট	আবেদন ফি	সার্ভিস চার্জ
A, B, C এবং D ইউনিট	৮০০/- (ইউনিট প্রতি)	আবেদন ফি'র সাথে ১.২% সার্ভিস চার্জ আবেদনকারীকে প্রদান করতে হবে (সকল ইউনিটের ক্ষেত্রে প্রযোজ্য)
E ইউনিট	৭০০/-	
C1 ইউনিট এবং আইবিএ-জেইউ	৬০০/- (ইউনিট প্রতি)	

৩. প্রবেশপত্র ডাউনলোডের তারিখ: ২৫-১২-২০২৬ তারিখ থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে;

৪. ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ: ১০ জানুয়ারি ২০২৭ তারিখ থেকে ২১ জানুয়ারি ২০২৭ তারিখের মধ্যে (শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিন ব্যতীত) **ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।** চূড়ান্ত তারিখ, সময়সূচি ও সিটপ্ল্যান পরবর্তীতে admission.juniv.edu ওয়েবসাইটে পাওয়া যাবে;

৫. বিভিন্ন ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা :

ক. ২০২৩ ও ২০২৪ সালের মাধ্যমিক/সমমানের পরীক্ষা এবং **২০২৫ ও ২০২৬ সালের** উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে;

খ. মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ (৪র্থ বিষয়সহ):

ইউনিটের নাম	মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
A ইউনিট (গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি, আইআইটি)	মোট জিপিএ ৭.৫০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে)
B ইউনিট (সমাজবিজ্ঞান ও আইন অনুষদ অনুষদ)	**বিজ্ঞান শাখা:** মোট জিপিএ ৭.৫০; (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে); **মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা:** মোট জিপিএ ৬.৫০; (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে)
C ইউনিট (কলা ও মানবিকী অনুষদ এবং তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট)	**বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা:** মোট জিপিএ ৭.৫০; (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে); **মানবিক শাখা:** মোট জিপিএ ৬.৫০; (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে)
C1 ইউনিট (কলা ও মানবিকী অনুষদ: নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ)	মোট জিপিএ ৬.৫০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে)
D ইউনিট (জীববিজ্ঞান অনুষদ)	মোট জিপিএ ৮.০০ (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে)
E ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ)	**বিজ্ঞান শাখা:** মোট জিপিএ ৭.৫০; (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০); **ব্যবসায় শিক্ষা/মানবিক/অন্যান্য শাখা:** মোট জিপিএ ৬.৫০; (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০) থাকতে হবে
ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ	**বিজ্ঞান শাখা:** মোট জিপিএ ৭.৫০; (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০); **ব্যবসায় শিক্ষা/মানবিক/অন্যান্য শাখা:** মোট জিপিএ ৬.৫০; (পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০) থাকতে হবে

গ. IGCSE/O-Level **এবং** IAL/GCE A-Level **শিক্ষার্থীদের ক্ষেত্রে: ২০২১** সাল থেকে তৎপরবর্তী সাল পর্যন্ত O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং **২০২৫ অথবা ২০২৬** সালের A -Level পরীক্ষায় অন্তত ২ টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। আবেদনকারীর O-Level **এবং** A-Level এর মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড/সমমান ও ৩টি বিষয়ে কমপক্ষে C গ্রেড/সমমান থাকতে হবে;

ঘ. প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থী যেকোনো ইউনিটে আবেদন করতে পারবে;

৬. উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর ইউনিটভিত্তিক/বিভাগভিত্তিক বিভিন্ন বিষয়ে ন্যূনতম যোগ্যতা

ক. উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর বিভিন্ন বিষয়ে নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে:

A ইউনিট (গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি):		
ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগের নাম	**উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম গ্রেড থাকতে হবে**	**ভর্তি পরীক্ষায় (MCQ) সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম নম্বর পেতে হবে**
গণিত	গণিতে ন্যূনতম B গ্রেড	-
পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান	গণিত অথবা পরিসংখ্যানে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড	-
রসায়ন	রসায়ন ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-
পদার্থবিজ্ঞান	গণিত ও পদার্থবিজ্ঞান পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-
ভূতাত্ত্বিক বিজ্ঞান	পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	গণিত ও পদার্থবিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস গ্রেড	-
পরিবেশ বিজ্ঞান	গণিত, রসায়ন, পদার্থবিজ্ঞান ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-
ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি	গণিত ও পদার্থবিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড	-
B ইউনিট (সমাজবিজ্ঞান অনুষদ ও আইন অনুষদ):		
অর্থনীতি	ইংরেজি এবং গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/হিসাববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-
ভূগোল ও পরিবেশ	-	-
সরকার ও রাজনীতি	বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-
নৃবিজ্ঞান	বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-
নগর ও অঞ্চল পরিকল্পনা	গণিত ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-
লোক প্রশাসন	ইংরেজিতে ন্যূনতম B গ্রেড	-
আইন ও বিচার	বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-
C ইউনিট (কলা ও মানবিকী অনুষদ এবং তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট):		
বাংলা	বাংলায় ন্যূনতম A- (মাইনাস) গ্রেড	বাংলায় ন্যূনতম ৫০% নম্বর
ইংরেজি	ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড	ইংরেজিতে ন্যূনতম ৫০% নম্বর
ইতিহাস	বাংলা/ইংরেজিতে ন্যূনতম B গ্রেড	-
দর্শন	বাংলা/ইংরেজিতে ন্যূনতম B গ্রেড	-
প্রত্নতত্ত্ব	বাংলা/ইংরেজিতে ন্যূনতম B গ্রেড	-
আন্তর্জাতিক সম্পর্ক	বাংলা/ইংরেজিতে ন্যূনতম B গ্রেড	-
জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ	বাংলা/ইংরেজিতে ন্যূনতম B গ্রেড	-
তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি	বাংলা/ইংরেজিতে ন্যূনতম B গ্রেড	-

ইউনিটের অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট বিভাগের নাম	উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম গ্রেড থাকতে হবে	ভর্তি পরীক্ষায় (MCQ) সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম নম্বর পেতে হবে
C1 ইউনিট (কলা ও মানবিকী অনুষদ: নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ):		
নাটক ও নাট্যতত্ত্ব	-	-
চারুকলা	-	-
C1 ইউনিট অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছুদের MCQ ও ব্যবহারিক পরীক্ষায় পৃথকভাবে পাশ করতে হবে এবং ২০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে		
D ইউনিট (জীববিজ্ঞান অনুষদ):		
উদ্ভিদবিজ্ঞান	জীববিজ্ঞানে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড	-
প্রাণিবিদ্যা	জীববিজ্ঞানে ন্যূনতম A- (মাইনাস)	প্রাণিবিদ্যায় ন্যূনতম ৫০% নম্বর
ফার্মেসী	রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড এবং পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর
প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান	রসায়ন ও জীববিজ্ঞানে A- (মাইনাস) গ্রেড	রসায়ন ও জীববিজ্ঞানে ন্যূনতম ৫০% নম্বর
মাইক্রোবায়োলজি	রসায়ন, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড	জীববিজ্ঞান অংশে ন্যূনতম ৫০% নম্বর
বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	রসায়ন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড	রসায়ন, পদার্থবিজ্ঞান এবং জীববিজ্ঞানে ন্যূনতম ৫০% নম্বর
পাবলিক হেলথ্ এন্ড ইনফরমেটিক্স	রসায়ন, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড এবং ইংরেজিতে ন্যূনতম B গ্রেড	-
E ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ):		
ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ	(ক) **ব্যবসায় শিক্ষা/মানবিক ও অন্যান্য শাখা:** ইংরেজি এবং হিসাববিজ্ঞান/গণিত/অর্থনীতি/ব্যবসায় নীতি ও প্রয়োগে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড (খ) **বিজ্ঞান শাখা:** ইংরেজি এবং গণিতে পৃথকভাবে A- (মাইনাস) গ্রেড	-
ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ		
ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ	(ক) **বিজ্ঞান শাখা:** ইংরেজি এবং উচ্চতর গণিত/পরিসংখ্যানে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড (খ) **মানবিক/ব্যবসায় শিক্ষা/অন্যান্য শাখা:** ইংরেজি এবং হিসাববিজ্ঞান/অর্থনীতি/গণিত/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ফিন্যান্স, ব্যাংকিং ও ইন্সুরেন্সে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড	-

খ. IGCSE/O-Level এবং IAL/GCE A-Level শিক্ষার্থীর বিভিন্ন বিষয়ে নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে:

ইউনিট	বিষয়ভিত্তিক যোগ্যতাসমূহ
A ইউনিট	A-Level এ পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে। তবে পরিসংখ্যান বিভাগের ক্ষেত্রে গণিত/পরিসংখ্যানে ন্যূনতম B গ্রেড/সমমান এবং পরিবেশ বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে রসায়ন, পদার্থবিজ্ঞান, গণিত ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।
B ইউনিট	O-Level অথবা A-Level এ ইংরেজিতে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে। তবে অর্থনীতি বিভাগের ক্ষেত্রে ইংরেজি এবং গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/হিসাববিজ্ঞান বিষয়ে B গ্রেড/সমমান, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ক্ষেত্রে গণিত ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান, সরকার ও রাজনীতি বিভাগ, নৃবিজ্ঞান বিভাগ এবং আইন ও বিচার বিভাগের ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।

ইউনিট	বিষয়ভিত্তিক যোগ্যতাসমূহ
C ইউনিট	O-Level অথবা A-Level এ ইংরেজিতে/বাংলায় ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে। তবে বাংলা বিভাগের ক্ষেত্রে বাংলায় পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।
D ইউনিট	A-Level এ পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে। তবে ফার্মেসী বিভাগ ও বায়েটেকনোলজী এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে, মাইক্রোবায়োলজি বিভাগের ক্ষেত্রে রসায়ন, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে এবং পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগের ক্ষেত্রে রসায়ন, জীববিজ্ঞান, গণিত ও ইংরেজিতে (O-Level অথবা A-Level) পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।
E ইউনিট এবং আইবিএ-জেইউ	A-Level এ হিসাববিজ্ঞান/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/ব্যবসায় নীতি ও প্রয়োগ/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ফিন্যান্স, ব্যাংকিং ও ইন্স্যুরেন্সে এবং ইংরেজিতে (O-Level অথবা A-Level) পৃথকভাবে ন্যূনতম B গ্রেড/সমমান থাকতে হবে।

৭. বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষার নম্বর বন্টন:

ইউনিট	MCQ পরীক্ষার বিষয়ভিত্তিক প্রশ্ন বন্টন (৮০ টি প্রশ্ন)
A ইউনিট	বাংলা ০৩, ইংরেজি ০৩, গণিত **২২**, পদার্থবিজ্ঞান **২২**, রসায়ন **২২** এবং আইসিটি **০৮**
B ইউনিট	বাংলা **২০**, ইংরেজি **২০**, সাধারণ গণিত **২০**, সাধারণ জ্ঞান **১৫** এবং যৌক্তিক বিশ্লেষণ **০৫**
C ইউনিট	বাংলা **২০**, ইংরেজি **২০** এবং সাধারণ জ্ঞান ও বিভাগ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় **৪০**
C1 ইউনিট	বাংলা **১০**, ইংরেজি **১০**, সাধারণ জ্ঞান **২০** এবং বিভাগ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় **৪০**
D ইউনিট	বাংলা **০৪**, ইংরেজি **০৪**, বুদ্ধিমত্তা **০৪**, রসায়ন **২৪** এবং জীববিজ্ঞান-**৪৪** (উদ্ভিদবিজ্ঞান-**২২**, প্রাণিবিদ্যা-**২২**)
E ইউনিট	**ব্যবসায় শিক্ষা শাখা:** বাংলা **২০**, ইংরেজি **২০**, হিসাববিজ্ঞান **২০** এবং ব্যবস্থাপনা **২০** নম্বর; **বিজ্ঞান/মানবিক/সমমান শাখা:** বাংলা **২০**, ইংরেজি **২০**, গণিত ও Analytical Ability **২০**, বিজনেস সম্পর্কিত সাধারণ জ্ঞান **২০**
আইবিএ-জেইউ	বাংলা **০৫,** ইংরেজি **৩০,** Mathematical aptitude and IQ **৩০,** সাম্প্রতিক ও বিশ্লেষণমূলক বিষয় **১৫**। ভর্তি পরীক্ষায় বাংলা অংশ ব্যতীত সম্পূর্ণ প্রশ্নপত্র ইংরেজিতে প্রণীত হবে।

৮. ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মানুযায়ী অনুষ্ঠিত হবে:

ক. MCQ পদ্ধতিতে সকল ইউনিটে **৯০** নম্বরের ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। প্রতিটি প্রশ্নের মান **১.১২৫** এবং প্রতিটি ভুল উত্তরের জন্য **০.২০** (শূন্য দশমিক দুই শূন্য) নম্বর কাটা যাবে। Optical Mark Reader (OMR) পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়ন করা হবে। পরীক্ষার সময় **৫৫** মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে **৫** মিনিট সময় দেয়া হবে।

খ. সকল ইউনিটের জন্য MCQ পরীক্ষার ৯০ নম্বরের মধ্যে পাশ নম্বর ন্যূনতম ৪০;

গ. ভর্তি পরীক্ষা শেষ হওয়ার সর্বোচ্চ ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিস ফল প্রকাশ করবে। ভর্তি পরীক্ষার ফল ওয়েবসাইটে admission.juniv.edu এবং ইউনিট অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। **সংবাদপত্রে ফল প্রকাশ করা হবে না;**

ঘ. ভর্তি পরীক্ষার উত্তরপত্রে (OMR শিট) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও অন্যান্য তথ্য ইংরেজিতে লিখতে হবে এবং সে অনুযায়ী বৃত্ত ভরাট করতে হবে। **OMR শিট (উত্তরপত্র)-এর নিচে নির্ধারিত স্থানে নির্দেশনা মোতাবেক একটি বাংলা এবং একটি ইংরেজি বাক্য লিখতে হবে;**

ঙ. প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরীক্ষা দেয়ার জন্য বিশেষ সাহায্য প্রয়োজন হলে সংশ্লিষ্ট ইউনিট প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করে সম্মতি নিতে হবে। **প্রতিবন্ধী শিক্ষার্থীর শ্রুতিলেখকের শিক্ষাগত যোগ্যতা সর্বোচ্চ এস.এস.সি/সমমান;**

৯. ভর্তির জন্য নির্বাচন পদ্ধতি :

ক. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে নিম্নের (খ)-এ বর্ণিত প্রাপ্ত নম্বর যোগ করে মোট সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের আসন সংখ্যার সর্বাধিক **১০ (দশ) গুণ** শিক্ষার্থীর পৃথক তালিকা মেধা অনুযায়ী প্রণয়ন করা হবে। C1 **ইউনিটের অন্তর্ভুক্ত নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগের চূড়ান্ত মেধাক্রম ব্যবহারিক পরীক্ষার পরে প্রকাশ করা হবে;**

খ. মাধ্যমিক/সমমান পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে **০.৭৫** দ্বারা এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে **১.২৫** দ্বারা গুণ করে MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে চূড়ান্ত ফল তৈরি করা হবে;

গ. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সঙ্গে সামঞ্জস্য রক্ষার্থে O-Level এবং A-Level শিক্ষার্থীদের ক্ষেত্রে A গ্রেডের জন্য **৫**, B গ্রেডের জন্য **৪**, C গ্রেডের জন্য **৩.৫** এবং D গ্রেডের জন্য **৩** পয়েন্ট গণ্য করা হবে। উল্লিখিত গ্রেডিং/পয়েন্ট ব্যতীত অন্য কোনো গ্রেড/পয়েন্ট থাকলে সেক্ষেত্রে **"ইকুইভেলেন্স কমিটি"** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সমতুল্য জিপিএ নির্ধারণের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রকাশিত **"সমতুল্যতা নির্ধারণ নীতিমালা- ২০২৫"** অনুযায়ী গ্রেডিং পদ্ধতি অনুসরণ করা হবে;

১০. ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলি :

ক. আবেদনকারী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে admission.juniv.edu প্রয়োজনীয় তথ্য প্রদান করে ন্যূনতম যোগ্যতা যাচাইপূর্বক নিজ মোবাইল নম্বর (আবেদনকারীর নিজের অথবা অভিভাবকের) নিশ্চিত করবেন এবং প্রেরিত পাসওয়ার্ড পরবর্তীতে আবেদন/ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। একই মোবাইল নম্বর ব্যবহার করে একজন আবেদনকারী একাধিক ইউনিটে আবেদন করতে পারবেন। তবে উক্ত মোবাইল নম্বর ব্যবহার করে একই ইউনিটে একাধিক আবেদন করা যাবে না;

খ. আবেদনকারীকে নিজ প্রোফাইল এ গিয়ে "**ছবি আপলোড করুন**" ও "**স্বাক্ষর আপলোড করুন**" অপশনে ক্লিক করে সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি (৩০০×৩০০ পিক্সেল; সর্বোচ্চ ১০০ কিলোবাইট) ও স্বাক্ষর (৩০০×৮০ পিক্সেল; সর্বোচ্চ ৬০ কিলোবাইট) স্ক্যান করে **.jpg অথবা .jpeg** ফরম্যাটে আপলোড করতে হবে;

গ. আবেদনযোগ্য ইউনিটগুলোর তালিকা থেকে আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফি প্রদানপূর্বক এক বা একাধিক ইউনিটে আবেদন সম্পন্ন করতে হবে। পেমেন্ট সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি ও ধাপসমূহ ওয়েবসাইটে admission.juniv.edu পাওয়া যাবে;

ঘ. O-Level এবং A-Level উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য এবং ট্রান্সক্রিপ্ট এর স্ক্যান কপি আপলোড করে আবেদন করতে হবে;

১১. সিটপ্ল্যান ও ফলাফল:

পরীক্ষার তারিখ, সময়, ভবনের নাম, কক্ষ নম্বর ইত্যাদি তথ্যসহ সিটপ্ল্যান এবং ভর্তি পরীক্ষার ফল admission.juniv.edu থেকে জানা যাবে;

বিশেষ দ্রষ্টব্য : আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য তার ভেরিফাইড মোবাইলে কেবল "JU" হতেই সকল প্রকার ভর্তি পরীক্ষা সংক্রান্ত SMS প্রদান করা হবে; সেইসাথে "admissionhelp@juniv.edu" ই-মেইল এড্রেস থেকে ভর্তি সংশ্লিষ্ট ই-মেইল নোটিফিকেশন পাঠানো হবে।

১২. পরীক্ষার হলে **প্রবেশপত্র, মাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড** এবং সাধারণ বলপেন ছাড়া কোনো প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি ও অন্য কোনো সহায়ক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না। এসব ডিভাইস পাওয়া গেলে অথবা কোনো শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে এবং যে কোনো পর্যায়ে তা ধরা পড়লে ভর্তি পরীক্ষা বাতিলসহ বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এখানে উল্লেখ্য যে, সময় দেখার জন্য পরীক্ষার হলে ঘড়ির ব্যবস্থা থাকবে;

১৩. বিভিন্ন কোটায় ভর্তির আবেদন ভর্তি পরীক্ষার পর উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে গ্রহণ করা হবে। এ ব্যাপারে পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ও দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে;

১৪. ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয় পরিবর্তনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

১৫. সহায়তায় (সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত):

আবেদন, পেমেন্ট, ছবি ও স্বাক্ষর আপলোড, প্রবেশপত্র, সিটপ্ল্যান ও অন্যান্য	:	01348307028, 01348307029, 01348307031, 01348307032
ই-মেইল	:	admissionhelp@juniv.edu

স্বাক্ষরিত/-(**সৈয়দ মোহাম্মদ আলী রেজা**)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির লক্ষ্যে ইউনিট/বিভাগ/ইনস্টিটিউট ভিত্তিক আসন সংখ্যা:

ইউনিট/বিভাগ/ইনস্টিটিউটের নাম	আসন সংখ্যা		
	ছাত্র	ছাত্রী	মোট
A ইউনিট: গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ ও ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি			
গণিত	৩০	৩০	৬০
পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান	২৫	২৫	৫০
রসায়ন	৩৫	৩৫	৭০
পদার্থবিজ্ঞান	৩২	৩২	৬৪
ভূতাত্ত্বিক বিজ্ঞান	২০	২০	৪০
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	২৫	২৫	৫০
পরিবেশ বিজ্ঞান	২০	২০	৪০
ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি	২৫	২৫	৫০
মোট	**২১২**	**২১২**	**৪২৪**
B ইউনিট: সমাজবিজ্ঞান অনুষদ ও আইন অনুষদ			
অর্থনীতি	৩৮	৩৮	৭৬
ভূগোল ও পরিবেশ	৩০	৩০	৬০
সরকার ও রাজনীতি	৩০	৩০	৬০
নৃবিজ্ঞান	২০	২০	৪০
নগর ও অঞ্চল পরিকল্পনা	২০	২০	৪০
লোক প্রশাসন	২৫	২৫	৫০
আইন ও বিচার	৩৫	৩৫	৭০
মোট	**১৯৮**	**১৯৮**	**৩৯৬**
C ইউনিট: কলা ও মানবিকী অনুষদ ও তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট			
বাংলা	৩০	৩০	৬০
ইংরেজি	৩০	৩০	৬০
ইতিহাস	৩০	৩০	৬০
দর্শন	২৫	২৫	৫০
প্রত্নতত্ত্ব	১৮	১৮	৩৬
আন্তর্জাতিক সম্পর্ক	৩০	৩০	৬০
জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ	১৮	১৮	৩৬
তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট	২০	২০	৪০
মোট	**২০১**	**২০১**	**৪০২**
C1 ইউনিট: নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ			
নাটক ও নাট্যতত্ত্ব	১৪	১৪	২৮
চারুকলা	১৮	১৮	৩৬
মোট	**৩২**	**৩২**	**৬৪**
D ইউনিট: জীববিজ্ঞান অনুষদ			
উদ্ভিদবিজ্ঞান	৩০	৩০	৬০
প্রাণিবিদ্যা	২৫	২৫	৫০
ফার্মেসী	২৫	২৫	৫০
প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান	২৫	২৫	৫০

ইউনিট/বিভাগ/ইনস্টিটিউটের নাম	আসন সংখ্যা		
	ছাত্র	ছাত্রী	মোট
মাইক্রোবায়োলজি	১৮	১৮	৩৬
বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	১৫	১৫	৩০
পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স	২০	২০	৪০
মোট	**১৫৮**	**১৫৮**	**৩১৬**
E ইউনিট: বিজনেস স্টাডিজ অনুষদ			
ফিন্যান্স এন্ড ব্যাংকিং	২২	২২	৪৪
মার্কেটিং	২২	২২	৪৪
একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস	২২	২২	৪৪
ম্যানেজমেন্ট স্টাডিজ	২২	২২	৪৪
মোট	**৮৮**	**৮৮**	**১৭৬**
ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জেইউ	৩৫	৩৫	**৭০**
সর্বমোট	**৯২৪**	**৯২৪**	**১৮৪৮**

স্বাক্ষরিত/-(**সৈয়দ মোহাম্মদ আলী রেজা**)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি